দৈনিক বাংলা

তারিখ ... ৩১।১০।৮৩ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

028

## উপ-জেলা শিক্ষা কমিটি

বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে আরো গণমুখী করার লক্ষ্যে প্রতিটি উপজেলায় একটি করে শিক্ষা কমিটি গঠন করতে যাচ্ছেন। ১৯৮৩ সনের প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধি সংক্রান্ত গেজেটে বলা হয়েছে, কমিটিতে একজন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সদস্য থাকবেন এবং তিনি সংশ্লিষ্ট উপ-জেলার প্রধান শিক্ষকদেরই ভোটে নির্বাচিত হবেন। কিন্তু এ ব্যবস্থাকে আমরা যথার্থ গণমুখী বলতে পারছি না। কমিটিকে যথার্থ গণমুখী হতে হলে এর নির্বাচন ব্যবস্থাও ব্যাপক ভিত্তিক হতে হবে। অর্থাৎ কমিটিতে প্রতিনিধিত্ব ও ভোটদানের অধিকার শুধু প্রধান শিক্ষকদের মধ্যে সীমিত না রেখে সহকারী শিক্ষকদেরও সে অধিকার দিতে হবে। উল্লেখ্য যে সমগ্র বাংলাদেশে প্রধান শিক্ষকের তুলনায় সহকারী শিক্ষকের সংখ্যা প্রায় ৩ শত গুণ বেশি এবং শিক্ষাগত যোগ্যতার দিক দিয়ে অনেক সহকারী শিক্ষক প্রধান শিক্ষকদেরও ঊর্ধ্বে।

অতএব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি বিনীত নিবেদন, সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি শিক্ষকের সরাসরি ভোটদানের ক্ষমতা ও প্রতিনিধি হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করার অধিকার দানের ব্যবস্থা করে প্রাথমিক শিক্ষাকে সত্যিকার অর্থে গণমুখী করার পথ প্রশস্ত করা হোক।

—মোঃ আরমান মিয়া, শিক্ষক প্রতিনিধি, প্রাথমিক শিক্ষা জেলা নরসিংদী, মোঃ লাল মিয়া, সহকারী শিক্ষক, ব্রাহ্মণপাড়া সরকারী প্রাঃ বিদ্যালয়, নরসিংদী, ঢাকা।